## REGIONAL NEWS UNIT ALL INDIA RADIO, AGARTALA

Date: 19-05-2024

Time: 07.35-07.40 AM Hrs BENGALI MORNING BULLETIN

### Vidyajoti prakalpa Meeting-West :

পশ্চিম জেলার জেলাশাসক তথা এই জেলার বিদ্যাজ্যোতি প্রকল্পের চেয়ারম্যান ডা: বিশাল কুমার গতকাল আকাশবাণীকে জানিয়েছেন, CBSE-র মাধ্যমিক এবং দ্বাদশ মানের চূড়ান্ত পরীক্ষায় এবছর বিদ্যাজ্যোতি স্কুলে যে সমস্ত ছাত্রছাত্রীরা কম্পার্টমেন্টাল পেয়েছে তাদের জন্য বিশেষ কোচিং-এর ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, গ্রীম্মের ছুটিতে বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে প্রতিদিন ৩ থেকে ৪ ঘন্টা বিশেষ কোচিং ক্লাস করানো হবে। প্রতি চারজন ছাত্রছাত্রীর জন্য একজন করে নোডাল টিচার থাকবেন। বিদ্যাজ্যোতি স্কুলের দশম ও দ্বাদশ শ্রেনীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল পর্যালোচনার জন্য গতকাল পশ্চিম জেলাশাসক অফিসের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে পশ্চিম জেলার ৩০টি বিদ্যাজ্যোতি স্কুলের প্রিন্সিপাল এবং শিক্ষা দপ্তরের আধিকারিকরা অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*\*

## Election, 5th phase :

অস্টাদশ লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের প্রচার গতকাল বিকেলে শেষ হয়েছে। আগামীকাল ভোটগ্রহণ গ্রহণ করা হবে। এই পর্বে, ৬টি রাজ্য এবং ২টি কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৯টি আসনে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। বিহারের ৫টি, ঝাড়খণ্ডের ৩টি, মহারাষ্ট্রের ১৩টি, ওড়িশার ৫টি, উত্তর প্রদেশের ১৪টি, পশ্চিমবঙ্গের ৭টি, জম্মু ও কাশ্মীর এবং লাদাখের ১টি করে আসনে ভোটগ্রহণ করা হবে।

এদিকে, ষষ্ঠ পর্যায়ে ৭টি রাজ্য ও ১টি কেন্দ্রশাসিত অঞ্চল থেকে ৮৮৯ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এই পর্বে ৫৮টি আসনের জন্য মোট ১,৯৭৮টি মনোনয়ন পত্র দাখিল করা হয়। সমস্ত মনোনয়নপত্র পরীক্ষা করার পরে, ৯০০টি বৈধ বলে জানানো হয়।

\*\*\*\*\*\*

# Visit of returning officer :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা জেলাশাসক ডাক্তার বিশাল কুমার গতকাল উমাকান্ত একাডেমিতে লোকসভার ভোট গণনা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি জানান,

গনণার দিন ভোট কেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা থাকবে। ইতিমধ্যে গণনা কর্মীদের প্রশিক্ষন শুরু হয়েছে। পশ্চিম জেলার সবকটি মহকুমাতে কাউন্টিং সুপারভাইজার এবং মাইক্রো অবজারভারদের প্রশিক্ষণ দেওয়া শেষ হয়েছে। তিনি জানান, ইভিএমগুলি কড়া নিরাপত্তায় স্ট্রং রুমে রাখা হয়েছে।

\*\*\*\*\*\*

### BHASHA DIBAS :

আজ আসামের বরাক ভ্যালিতে বাংলা ভাষা দিবস পালিত হচ্ছে । ১৯৬১ সালে বাংলা ভাষার দাবিতে তৎকালীন আসাম সরকারের বিরুদ্ধে বাংলা ভাষাকে স্বীকৃতি দেওয়ার জন্য আন্দোলন করা হয়েছিল । সেই সময় এই গোটা অঞ্চলে আসামী ভাষাকে সরকারী ভাষা হিসাবে চালু করার উদ্যোগ নেওয়া হয়েছিল । শেষ পর্যন্ত দীর্ঘ আন্দোলনের পর ১৯ মে শিলচর করিমগঞ্জ ও হাইলাকান্দিতে ভাষার জন্য শহীদ হয়েছিলেন ১১ জন আন্দোলনকারী । ঐদিনটি ভাষা শহীদ দিবস হিসাবে পালন করা হচ্ছে ।

\*\*\*\*\*\*

# BJP Rally in Rajnagar Assembly Area :

রাজ্য সরকারের বিরুদ্ধে বিরোধী দলগুলির অপপ্রচারের অভিযোগে দক্ষিণ জেলার রাজনগর বিধানসভার বড়পাথরী, রাজনগর, রাধানগর, নীহারনগর ও উত্তর শ্রীরামপুর বাজারে BJP র পক্ষ থেকে গতকাল বিক্ষোভ মিছিল করা হয়। এতে রাধানগরের মিছিলে ছিলেন বিধায়িকা স্বপ্না মজুমদার, বড়পাথরী বাজারে মিছিলে নেতৃত্ব দেন দলের রাজনগর মন্ডল সভাপতি রনজিত সরকার প্রমুখ।

\*\*\*\*\*

#### JOURNALIST UNION :

রাজধানীর সরকারি ডেন্টাল কলেজের একজন কর্মীর হাতে গতকাল অভব্য আচরণের শিকার হন ত্রিপুরার জার্নালিস্টস ইউনিয়নের সদস্য সাংবাদিক অলক দেব রায়। ত্রিপুরার জার্নালিস্টস ইউনিয়ন এই ঘটনার তীব্র নিন্দা জানায়। ঘটনাটির পরিপ্রেক্ষিতে পশ্চিম থানায় একটি লিখিত অভিযোগ জমা দেয়া হয় । অভিযুক্তকে অবিলম্বে গ্রেফতার করে শাস্তির দাবি জানায় ত্রিপুরা জার্নালিস্টস ইউনিয়ন । এক বিবৃতিতে এখবর জানানো হয় \*\*\*\*\*\*

#### Power Situation :

চাহিদা বেড়ে যাওয়ায় বিদ্যুত সরবরাহে সমস্যা তৈরি হচ্ছে বলে জানালেন রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর দেবাশিস সরকার। তিনি বলেন, রাজ্যে বিদ্যুৎ–এর সর্বোচ্চ চাহিদা বর্তমানে ৩৫৫ মেগাওয়াট থেকে ৩৬০ মেগাওয়াটের মধ্যে। এসি মেশিন ব্যবহারের আগে স্থানীয় বিদ্যুৎ নিগমের কাছ থেকে অনুমতি নেওয়া প্রয়োজন। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে সেই অনুমতি নেওয়া হয় না। ফলে বিদ্যুৎ–এর চাহিদা আগাম অনুমান করা যাচ্ছে না। বিদ্যুৎ সরবরাহও ব্যহত হচ্ছে।

\*\*\*\*\*\*

### Cricket:

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে আজ তিনটি ম্যাচ হবে। এম বি বি স্টেডিয়ামে পোলস্টার ক্লাব খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে, পুলিশ ট্রেণিং একাডেমি মাঠে চলমান সংঘ খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে এবং টি আই টি মাঠে ইউনাইটেড বি এস টি খেলবে ওল্ড প্লে সেন্টারের বিরুদ্ধে।

\*\*\*\*\*\*

### Weather:

আজ আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে । আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ২.১ মিলিমিটার। আগামী ২৪ ঘন্টায় উত্তর, উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে ও বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বাকি জেলাগুলিতে ও বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

\*\*\*\*\*\*

\*\*\*\*\*